SMOKE FREE ONTARIO

স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্ট
তামাক প্রদর্শনে নিষেধাজ্ঞা
ফেব্রুয়ারি 2008

তামাক বিক্রেতাদের জন্য
সচরাচর প্রশ্ন

প্রশ্ন ঃ আমাদের দোকানে যে তামাকের জিনিস বিক্রি করা হয় অথবা যেসব ব্র্যান্ড ও প্রকারের তামাক পাওয়া যায় সে ব্যাপারে গ্রাহক কিভাবে জানতে পারবে?

উত্তর ঃ খুচরা বিক্রেতা এখনও তিনটি চিহ্ন রাখার অনুমতি পাবেন যা দেখে বোঝা যাবে যে তাদের দোকানে তামাক পাওয়া যায়। এই চিহ্নগুলির রেগুলেশন (ও. রেজ. 48/06) এর ধারা 7 অনুসরণ করতে হবে এবং সাদা পশ্চাদপটে কালো হরফ ব্যবহার করতে হবে।

পণ্য নির্বাচনে সাহায্যের জন্য খুচরা বিক্রেতা গ্রাহকদের একটি বাইন্ডার বা অন্য কোনো নজিরস্বরূপ সাধনী দিতে পারেন যাতে কেনার জন্য যে বিভিন্ন তামাকের জিনিস পাওয়া যায় তার বর্ণনামূলক তালিকা থাকবে। তামাকের জিনিসের প্রচার সংক্রান্ত স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্টের অন্য সব শর্ত এই সাধনীটিতে মান্য করতে হবে। এই সাধনী নজিরস্বরূপ ব্যবহার করতে হবে, প্রদর্শন বা বিতরণের জন্য নয়।

প্রশ্ন ঃ আমি গ্রাহকদের জন্য বাইন্ডার কাউন্টারে রাখতে পারি কি?

উত্তর ঃ বাইন্ডার কাউন্টারে সবার সামনে রাখা যাবে না। তা আড়ালে, যেমন কাউন্টারের নিচে রাখতে হবে এবং ক্লার্ক এবং আইনত বৈধ বয়সের গ্রাহক তামাক কেনার জন্য তা ব্যবহার করতে পারেন, কেনার জন্য পণ্য খুঁজতে ব্যবহার করতে পারেন। শুধুই বিক্রির সময় বাইন্ডার বাইরে রাখা যায় এবং অবিলম্বে ভেতরে রেখে দিতে হবে।

প্রশ্ন ঃ আমি যদি রেজিষ্ট্রিকৃত তামাক বিক্রেতা বা উৎপাদক হই?

উত্তর ঃ রেজিস্ট্রিকৃত তামাক উৎপাদক বা বিক্রেতার সিগারেট এবং অন্যান্য অ-বিশেষ পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য প্রদর্শনে নিষেধাজ্ঞার সমস্ত বিধিনিয়ম অবশ্যই মান্য করতে হবে।

তবে যেসব তামাক বিক্রেতা মিনিস্ট্রি অফ হেল্থ প্রোমোশন (স্বাস্থোন্নয়ন মন্ত্রালয়) এ রেজিস্ট্রিকৃত তারা তামাকের **বিশেষ তামাকজাত দ্রব্য** বিক্রির প্রদর্শনে নিষেধাজ্ঞা থেকে অব্যাহতি পাবেন। মিনিস্ট্রি অফ হেল্থ প্রোমোশন জনস্বাস্থ্য কেন্দ্র অর্থাৎ পাব্লিক হেলথ ইউনিটদের তাদের এলাকার রেজিস্ট্রিকৃত তামাক বিক্রেতাদের সাম্প্রতিক তালিকা জানিয়েছে।

প্রশ্ন ঃ তামাকের বিশেষ পণ্য দ্রব্য প্রদর্শনে নিষেধাজ্ঞা কিভাবে প্রযোজ্য হবে?

উত্তর ঃ খুচরা বিক্রেতা এবং অ-রেজিস্ট্রিকৃত তামাক বিক্রেতাদের ক্ষেত্রে, সিগার, সিগারিলো, পাইপ তামাক, অন্যান্য বিশেষ তামাকজাত পণ্য যেমন তামাক চর্বন, স্নাস নস্য ইত্যাদি প্রদর্শন নিষেধাজ্ঞায় অন্তর্ভুক্ত এবং সিগারেটের মত একই নিয়ম প্রযোজ্য।

শুধু রেজিস্ট্রিকৃত তামাক বিক্রেতা তামাকের বিশেষ পণ্য দ্রব্যে তামাক প্রদর্শনে নিষেধাজ্ঞা থেকে রেহাই পাবেন।

প্রশ্ন ঃ প্রদর্শনে নিষেধাজ্ঞার ফলে পাইপ, লাইটার এবং অন্যান্য আনুষঙ্গিক জিনিস বিক্রি কিভাবে প্রভাবিত হবে?

উত্তর ঃ 31 মে 2008 এর পর তামাকের পণ্যের আনুষঙ্গিক জিনিস প্রদর্শন বজায় রাখা যায়। স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্টের উপধারা 3.1(1) এবং (2) কয়েকটা স্থানে তামাকের পণ্য প্রদর্শন নিষেধ করলেও তামাকের পণ্যের আনুষঙ্গিক জিনিস প্রদর্শনের বিষয়ে কোনো উল্লেখ করেনি। যেসব জিনিস প্রদর্শন করা যায় তাতে রয়েছে ঃ

- পাইপ
- সিগারেটের টিউব
- সিগার কাটাব
- পাঞ্চ
- বহনযোগ্য হিউমিফিকেশন সরঞ্জাম
- হিউমিডর

টীকা ঃ অ্যাক্টের উপধারা 3.1(3) এ তামাকের পণ্য বিক্রির প্রচারে নিষেধ করা হয়েছে। সুতরাং, যদিও তামাকের পণ্যের আনুষঙ্গিক জিনিস প্রদর্শন করা যায় ও বিক্রির জন্য পেশ করা যায়, প্রদর্শনে একটি বিশেষ তামাকের ব্র্যান্ডকে চিহ্নিত করা যাবে না।

প্রশ্ন ঃ হিউমিডরের ক্ষেত্রে কি করা হয়?

উত্তর ঃ **রেজিস্ট্রিকৃত তামাক** বিক্রেতা (মিনিস্ট্রি অফ হেলথ প্রোমোশন দ্বারা রেজিস্ট্রিকৃত) দ্বারা পরিচালিত পরিসরে ওয়াক-ইন হিউমিডর থাকলে, 19 বছর বা বেশী বয়সের গ্রাহক তামাকের বিশেষ পণ্য দেখতে ও বেছে নিতে পারেন। যদি হিউমিডরে সিগারেট জমা রাখা হয়, তাহলে কেনার আগে গ্রাহককে সেসব পণ্য দেখানো যায় না।

রেজিস্ট্রিকৃত নয় এমন কোনো তামাক বিক্রেতা দ্বারা পরিচালিত পরিসরে যদি ওয়াক-ইন বা যে কোনো প্রকারের হিউমিডর রাখা হয়, তাহলে ঐ হিউমিডরের বাইরে তামাক দৃষ্টিগোচর হওয়া উচিত না। তামাকের পণ্য যাতে দেখা না যায় তা সুনিশ্চিত করতে, আড়াল করার জন্য ঘষা কাঁচ বা অন্য কোনো ফিনিশ স্বীকার্য বিকল্প হতে পারে। পণ্য নিতে শুধুমাত্র ক্লার্ক ওয়াক-ইন হিউমিডরে প্রবেশ করতে পারেন। রেজিস্ট্রিকৃত নয় এমন তামাক বিক্রেতার কাছে যদি বহনযোগ্য বা অপেক্ষাকৃত ছোট হিউমিডর থাকে তাহলে সেগুলির ক্ষেত্রেও প্রদর্শনে নিষেধাজ্ঞা মান্য করতে হবে এবং গ্রাহকের দৃষ্টিগোচর এলাকা থেকে আড়াল করে রাখতে হবে।

প্রশ্ন ঃ আমি স্নাস রেফ্রিজারেটারে রাখতে পারি কি?

উত্তর ঃ কাউন্টার টপে স্নাস সমেত কোনো তামাকের জিনিস প্রদর্শন করা যাবে না। ফ্রিজ সমেত কোনো যন্ত্র কোনো বাণিজ্যিক চিহ্ন (লোগো) বা পণ্য প্রচারের মাধ্যমে তামাকের জিনিস ব্যবহারে উৎসাহবর্ধন করতে পারবে না, অ্যাক্টের ধারা 3.1(3) এ এর উল্লেখ রয়েছে। এছাড়া স্নাস এমনভাবে প্রদর্শন করা যাবে না যাতে গ্রাহক কেনার আগে তা দেখতে পারে।

প্রশ্ন ঃ বিক্রির ছোট দোকানের ক্ষেত্রে কিভাবে প্রদর্শনে নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে?

উত্তর ঃ ছোট দোকানে পণ্য মজুত রাখার বিকল্প কম থাকে, ফলে কেনার আগে তামাকের পণ্য প্রদর্শন না করে তামাক বিক্রি করা কঠিন হয়। এসব অসুবিধা সত্ত্বেও, দোকান পরিচালকদের স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্টে বর্ণিত প্রদর্শনে নিষেধাজ্ঞা সংক্রান্ত সব বিষয় অনুসরণ করতে হবে।

প্রশ্ন ঃ নিষেধাজ্ঞার ফলে অ্যাক্ট বা নিয়মে কোনো পরিবর্তন হয়েছে কি?

উত্তর ঃ তামাক প্রদর্শনে নিষেধাজ্ঞার ফলে অ্যাক্ট বা নিয়মের অন্যান্য বিভাগে পরিবর্তন হয় নি বা প্রভাব পড়ে নি। যেমন, প্রতিষ্ঠানে অধিকতম অনুমোদিত সঙ্কেতচিহ্নের সীমা এখনও একই আছে। যেসব স্থানে তামাকের পণ্য বিক্রি করা বা বিক্রির জন্য উপস্থাপিত করা হয় সেখানে অবশ্যই নিয়মের (ও. রেজ. 48/06) ধারা 10 এবং 11 তে বর্ণিত শর্তমাফিক সরকারি স্বাস্থ্য সতর্কীকরণ এবং বয়সের শর্তসাপেক্ষ সঙ্কেত রাখতে হবে।

প্রশ্ন ঃ নিষেধাজ্ঞা জারি করার পর তামাক প্রদর্শন করা হলে কত জরিমানা হবে?

উত্তর ঃ যে ব্যক্তি অ্যাক্টের ধারা 3.1 লঙ্ঘন করবে তাকে 250 ডলার মূল্যের টিকিটের অর্থদন্ড দিতে হবে। যে গুরুতর অপরাধে সমন জারি করা হয় তাতে আরো বেশী অঙ্কের অর্থদন্ড দিতে হতে পারে। একটি সংস্থাকে প্রথম অপরাধে অধিকতম 10,000 ডলার অর্থদন্ড এবং তিনটি বা তার বেশী অপরাধে 150,000 ডলার অর্থদন্ড দিতে হতে পারে। একক ব্যক্তিকে প্রথম অপরাধে 4,000 ডলার অর্থদন্ড এবং তিনটি বা ততোধিক অপরাধে 100,000 ডলার পর্যন্ত অর্থদন্ড দিতে হতে পারে।

প্রশ্ন ঃ আমি এখনও দামের ছোট ট্যাগ্ ব্যবহার করতে পারি কি?

উত্তর ঃ 30 মে 2006 এ প্রকাশিত পলিশি সংবাদে বর্ণিত আগেকার দামের ট্যাগের অনুমতি ছিল ঃ 31 মে 2008 এ 19 বছরের কমবয়সীদের জন্য তামাকের প্রবিধান সরিয়ে দিতে হবে।

খুচরা বিক্রেতা যাতে প্রতিটি পণ্য জমা রাখার বক্সের ভেতরকার বিশেষ তামাকের পণ্য চিনতে পারেন সেজন্য ঐ বক্সের বাইরে ছোট ট্যাগ লাগানোর অনুমতি আছে। ঐ ট্যাগে ঃ

- সাদা পশ্চাদপটে কালো হরফ ব্যবহার করতে হবে
- 14 পয়েন্ট টাইপ সাইজ পর্যন্ত অক্ষর ব্যবহার করতে হবে
- লোগো বা রং ব্যবহার করা যাবে না
- 2 x 1-এর(5 সেমি x 2.5 সেমি) বড় হওয়া চলবে না

শুধু বিশেষ পণ্য খুঁজে বার করার জন্য এই পরিচয়সূচক ট্যাগ ব্যবহার করা যাবে, তামাকের পণ্য প্রচার বা বিক্রি বাড়ানোর জন্য নয়। এই পরিচয়সূচক ট্যাগে দামের তথ্য জানানোর অনুমতি নেই।

প্রশ্ন ঃ খুচরা বিক্রেতা সিগারেট প্রদর্শন আড়লে করার জন্য শাওয়ারের পর্দা ব্যবহার করতে পারেন কি?

উত্তর ঃ যে বিকল্পে স্বেচ্ছায় বা ঘটনাক্রমে তামাকের পণ্য দীর্ঘসময় যাবৎ প্রদর্শনের সুযোগ থাকে তেমন কোনো বিকল্প অনস্বীকার্য।

প্রশ্ন ঃ দৈনিক ব্যবসার কার্যকালে আমি শেল্ফে পুনরায় পণ্য মজুত করলে বা পণ্য সংগ্রহ করলে কি দোষী সাব্যস্ত হব?

উত্তর ঃ আইন প্রণয়নের কর্মীরা বিশেষ কয়েকটা পরিস্থিতি বিবেচনা করে দেখবেন, তাতে কখনও কখনও পণ্য পুনরায় মজুত করা বা নতুন পণ্য নেওয়ার সময় তামাকের পণ্যদ্রব্য লোকের চোখ পড়তে বাধ্য। আশা করা হচ্ছে, দীর্ঘ সময় যাবৎ যাতে তামাকের পণ্য সর্বসমক্ষে না থাকে সেজন্য যুক্তিসঙ্গত সাবধানতা অবলম্বন করা হবে, তবে পণ্যসংগ্রহ পরীক্ষা করা, পণ্য পুনরায় ভাণ্ডারে রাখা বা অন্যান্য স্বাভাবিক কাজকর্মের মত সচরাচর যেসব ব্যবসায়িক কার্যকলাপ করা হয় তা আইন উল্লঙ্ঘন হিসাবে গণ্য হবে না।

প্রশ্ন ঃ আমি কার্টন (পিজবোর্ডের বাক্স) ও অতিরিক্ত পণ্যের সম্ভার কোথায় জমা রাখব?

উত্তর ঃ অতিরিক্ত পণ্য মজুত রাখার জন্য বিভিন্ন দোকানে বিবিধ পণ্য-মজুত রাখার ব্যবস্থা প্রয়োজন। যেমন, যেসব দোকানে প্রচুর তামাকের পণ্যসম্ভার থাকে তারা তাদের অতিরিক্ত সম্ভার এমন তাক বা আলমারিতে রাখতে পারে যেগুলি সাধারণত পণ্য মজুত রাখা বা দেওয়ার সাধনী হিসাবে ব্যবহার করতে বলা হয় না। তবে সেগুলি শুধুমাত্র জমা রাখার জন্য ব্যবহার করা হবে, গ্রাহকদের পণ্য দেওয়ার জন্য নয় এই বিশ্বাসে অফিসার অর্থাৎ কর্মকর্তারা এইসব সাধনী পুনর্বিচার করে দেখবেন এবং সেগুলি অ্যাক্ট অনুসরণ করছে কি না তা যুক্তিসঙ্গত ও প্রয়োগসাধ্য উপায়ে বিবেচনা করে দেখবেন।

প্রশ্ন ঃ ড্রয়ারগুলির নির্দিষ্ট কোনো আকারের হওয়া উচিত কি?

উত্তর ঃ কাজের পদ্ধতিতে (অপারেশনাল পলিশিতে) সরু ড্রয়ারের কোনো ন্যূনতম বা অধিকতম আকারের নির্দিষ্ট বর্ণনা দেওয়া নেই। ডিসপ্লে ব্যান এনফোর্সমেন্ট পলিশিতে শুধু ধারগুলি দৃষ্টিগোচর হওয়ার কথা বলে হয়েছে, কোন্ ধারগুলির কথা বলা হচ্ছে তার বর্ণনা নেই।

প্রশ্ন ঃ কে বাইন্ডার ব্যবহার করতে পারবে ও তাতে কি কি তথ্য থাকতে পারে?

উত্তর ঃ খুচরা বিক্রেতার কাছে যে সিগারেট, সিগার এবং তামাকের অন্যান্য বিশেষ পণ্য রয়েছে তার তালিকার জন্য বাইন্ডার ব্যবহার করা যায়। বাইন্ডারে পণ্যের প্যাকিং-এর ছবি, বর্ণনা, নিকোটিনের মাত্রা, স্বাস্থ্য সতর্কীকরণ, দাম ও পণ্যের প্যাকেজের অনুমতি থাকে। বাইন্ডারে তুলনামূলক দামের তথ্য জানানোর অনুমতি থাকে।

বিজ্ঞাপন উপাদান যেমন পত্রিকায় তামাকের বিজ্ঞাপন বা পণ্যপ্রচারমূলক প্রচারপত্র প্রচারমূলক গণ্য হবে ও বাইন্ডারে রাখা যাবে না।

এই বাইন্ডার কাউন্টারের নিচে রাখা যায় এবং আইনত স্বীকার্য বয়সের গ্রাহকের সঙ্গে তামাক বেচাকেনার জন্য কেরানি এটা ব্যবহার করতে পারেন (অর্থাৎ গ্রাহক কোন্ পণ্যটা কিনতে চায় তা চেনার জন্য বাইন্ডার ব্যবহার করা যায়)। শুধু বিক্রির সময় এই বাইন্ডার বাইরে বার করা যায় এবং তার পরেই জমা রাখার স্থানটিতে ফেরত রেখে দিতে হবে। কাউন্টারে সবার সামনে বাইন্ডার ফেলে রাখা চলবে না।

প্রশ্ন ঃ আমার আলমারিগুলি নির্দিষ্ট রং-এর হওয়া প্রয়োজন কি?

উত্তর ঃ তামাক জমা রাখার আলমারির ড্রয়ার বা দরজার রং কোনো তামাকের ব্র্যান্ডের অনুরূপ হওয়া চলবে না বা বিশেষ তামাকের ব্র্যান্ডের চাহিদা বাড়ানোর জন্য ব্যবহার করা যাবে না কারণ তা অ্যাক্টের ধারা **3.1 (3)**-র অধীন পণ্যপ্রচার হিসাবে গণ্য হবে ও তা করা নিষেধ।

প্রশ্ন ঃ আমি যে এখনও সিগারেট বিক্রি করছি তা গ্রাহককে বোঝানোর জন্য আমি কি ধরণের সঙ্কেতচিহ্ন রাখতে পারি?

উত্তর ঃ রেগুলেশন ধারা **7** এ বর্ণিত আইনানুসারে তিনটি সঙ্কেতের অনুমতি আছে। একজন খুচরা বিক্রেতা তামাকের পণ্য বিক্রি করছেন তা শুধুমাত্র গ্রাহককে বোঝানোর জন্য এবং পণ্যের দাম জানানোর জন্য তামাকের পণ্য বিক্রির সঙ্কেত ব্যবহারের অনুমতি আছে। তাছাড়া ঃ

- সঙ্কেতচিহ্নের আকার **968** বর্গ সেন্টিমিটারের বেশী হতে পারবে না।
- সাদা পশ্চাদপটে কালো হরফে সঙ্কেতচিহ্ন ব্যবহার করতে হবে।
- খুচরা দোকানের বাইরে থেকে সঙ্কেতচিহ্নের লেখা পাঠ্যাংশ দেখা যাবে না।
- তামাকের পণ্য ও/বা তামাকের পণ্যদ্রব্যের আনুষঙ্গিক জিনিস বোঝানোর জন্য খুচরা বিক্রেতা অধিকতম তিনটি সঙ্কেতচিহ্ন টাঙ্গিয়ে রাখতে পারবেন।
- সঙ্কেতচিহ্নে কোনো নির্দিষ্ট তামাকের ব্র্যান্ড বা তামাক-সম্পর্কিত পণ্যের ইঙ্গিত থাকা চলবে না।

দোকানে যে তিনটি সঙ্কেতের অনুমতি দেওয়া হবে তাতে বিশেষ ব্র্যান্ডের বর্ণনা যথা “ বাজেট ব্রান্ড” বা “প্রিমিয়াম ব্র্যান্ডের” উল্লেখ থাকা চলবে না। “সিগার” বা “কিউবান সিগারের” মত সাধারণ বর্ণনা ব্যবহারের অনুমতি থাকলেও কোনো বিশেষ ব্র্যান্ডের তামাকের নাম ব্যবহারের অনুমতি নেই।

প্রশ্ন ঃ আলমারির ভেতরকার পণ্য চেনার জন্য তার বাইরে আমি কি ব্যবহার করতে পারি?

উত্তর ঃ পণ্য জমা রাখার বাক্স বা আলমারির বাইরে ছোট ট্যাগ ব্যবহার করা যায় যা দেখে বিক্রেতা বিশেষ তামাকের পণ্য চিনতে পারবেন। এই ট্যাগ ঃ

- সাদা পশ্চাদপটে কালো হরফে লিখতে হবে
- **14** পয়েন্ট টাইপ সাইজের অক্ষর ব্যবহার করতে হবে
- লোগো বা রং ব্যবহার করা যাবে না, এবং
- **2" x 1" (5**সেমি **x 2.5**সেমি**)**-র বড় হওয়া চলবে না।

এইসব ট্যাগ প্রয়োগসাধ্য উদ্দেশ্যে ব্যবহার করতে হবে এবং বিশেষ পণ্য খুঁজে বার করার জন্য গ্রাহক পরিষেবা প্রতিনিধি এগুলি ব্যবহার করবেন, তামাকের পণ্য প্রচারের জন্য বা পণ্যোন্নয়নের জন্য এগুলি ব্যবহার করবেন **না**। এই চিহ্নসূচক ট্যাগে "সিগার", "কিউবান সিগার" বা "ডমিনিকান সিগার"-এর মত শব্দ ব্যবহার করা যায়।

এছাড়া ঃ

- অ্যাক্টের অধীন লেবেলের ট্যাগে **UPC** লেবেল (বারকোড) ব্যবহার নিষেধ নয়।
- এইসব চিহ্নসূচক ট্যাগে দামের তথ্য জানানোর অনুমতি নেই তবে তা ড্রয়ারের ভেতর বা ফ্ল্যাপের নিচে, গ্রাহকের দৃষ্টিগোচর নয় এমন জায়গায় রাখা যায়।
- পণ্যের চিহ্নসূচক ট্যাগে রং বা ব্র্যান্ডের পরিচয়মূলক জিনিস ব্যবহার করা যায় না।
- হিউমিডরে শুধু "হিউমিডর" লেখা ট্যাগ ব্যবহার করা যায়।

প্রশ্ন ঃ রেজিস্ট্রিকৃত টোবাকোনিস্ট (তামাক ব্যবসায়ী) এবং অ-রেজিস্ট্রিকৃত টোবাকোনিস্টের দ্বারা তামাকের পণ্য সামলানোয় কি প্রভেদ থাকে?

উত্তর ঃ সাধারণত সিগারেটের তুলনায় সিগারের মত জিনিস কেনার সিদ্ধান্ত নেওয়ার সময় আরো পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষণ করতে হয় এ কথা অনস্বীকার্য। যেসব **রেজিস্ট্রিকৃত টোবাকোনিস্ট** *স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্টের* ধারা **3.1** এর নিষেধাজ্ঞায় **অব্যাহতি** পেয়েছেন তারা গ্রাহককে সিগার বা ঐ জাতীয় বিশেষ পণ্য স্পর্শ করতে দিতে পারেন। তবে যেসব **তামাক ব্যবসায়ী রেজিস্ট্রিকৃত নয়** তারা যদি সিগার সহ বিশেষ তামাকের পণ্য বিক্রি করেন তারা কেনার আগে পণ্য স্পর্শ করতে দেওয়ার অনুমতি পাবেন না।

যারা অ-রেজিস্ট্রিকৃত তামাক ব্যবসায়ী তাদের এবং অন্যান্য সব তামাক বিক্রেতাদের ক্ষেত্রে ধারা **3.1**-এর অধীন নিষেধাজ্ঞা সম্পূর্ণরূপে প্রযোজ্য হবে, তাতে উপধারা **1(b)** অন্তর্ভুক্ত, এই উপধারায় *"যারা তামাক কিনবেন তাদের কেনার আগে তামাকের পণ্য স্পর্শ করতে দেওয়া যায়"* এমনভাবে পণ্যদ্রব্য প্রদর্শন করা বা প্রদর্শনের অনুমতি দেওয়া সম্পূর্ণ নিষেধ। তরুণদের জন্য তামাক সহজে প্রাপ্তিসাধ্য করা বা নিজে নেওয়া প্রতিরোধের উদ্দেশ্যে এই বিশেষ ধারা তৈরী করা হয়েছে। সুতরাং, যেক্ষেত্রে কেরানি **প্রথমে** ক্রেতার বৈধ বয়স জানার জন্য উপযুক্ত **পরিচয়** পরীক্ষা করে নিশ্চিত হবেন ও ক্রেতা পণ্যের গুণমান যাচাই করার জন্য বিশেষ কোনো সিগার দেখা বা স্পর্শ করার অনুরোধ করবেন শুধু সেক্ষেত্রে তা বিক্রি ক্রিয়াকলাপের অংশ হিসাবে গণ্য হবে। আমাদের দোকানের মালিকের কাছে অনুরোধ, তারা যেন প্রদর্শনে নিষেধাজ্ঞা মান্য করে এবং পরবর্তী গ্রাহকের কথা শোনার আগে বর্তমান বিক্রি সম্পূর্ণ করে নেন।

প্রশ্ন ঃ আমার হিউমিডর আইন মান্য করছে কিনা কিভাবে সুনিশ্চিত করব? (অ-রেজিস্ট্রিকৃত তামাক ব্যবসায়ী)

উত্তর ঃ তামাক প্রদর্শনে নিষেধাজ্ঞার আইনানুসরণের উদ্দেশ্যে, অ-রেজিস্ট্রিকৃত তামাক ব্যবসায়ীর দোকানে রাখা হিউমিডরে যদি নিম্নোক্তগুলি মান্য করা হয় তাহলে তা অনুমোদিত তামাক রাখার সাধনীস্বরূপ গণ্য হবে ঃ

- তাতে কার্যকর হিউমিডিফিকেশন যন্ত্র থাকে,
- যেসব সিগারের ক্ষেত্রে আর্দ্রতা নিয়ন্ত্রণ প্রয়োজন শুধু সেসব সিগার থাকে,
- অস্বচ্ছ আবরণ থাকে যার ফলে হিউমিডরের বাইরে থেকে সিগার দেখা যায় না, এবং
- এমনভাবে খোলা যায় যাতে গ্রাহকের চোখে না পড়ে অথবা পণ্য বার করার সময় দরজা বা খোলার অংশটি খোলার সময় কেরানি যথাসম্ভবও যুক্তিসঙ্গতভাবে সিগার আড়াল করে রাখে।

এছাড়া হিউমিডরের ক্ষেত্রে ঃ

- স্বাভাবিক দৈনিক কার্যকলাপের অংশস্বরূপ, যে পণ্যসম্ভার যাচাই বা পুনরায় মজুত করে রাখবে তাকে হয়ত হিউমিডর খুলতে হবে। আইন প্রণয়ন কর্মীদের একথা বিবেচনাধীন রাখতে হবে।
- গ্রাহকের মুখোমুখি হিউমিডরের দরজা থাকলে তা অস্বচ্ছ হতে হবে যাতে তামাক প্রদর্শন প্রতিরোধ করা যায়। ঘষা কাঁচ বা যথেষ্ট আবৃত কাঁচ রাখা প্রয়োজন যাতে হিউমিডরের বাইরে থেকে তামাকের পণ্য দেখা না যায়।
- দোকানের মালিক যদি এমন কোনো হিউমিডর ব্যবহার করে যার দরজাগুলি স্বয়ংক্রিয় বন্ধ হয় না সেক্ষেত্রে হিউমিডারের দরজা সবসময় বন্ধ করে রাখার ব্যাপারে লক্ষ্য রাখতে হবে এবং শুধুমাত্র পণ্য বার করার জন্য খোলা হবে ও তারপর তৎক্ষণাৎ বন্ধ করে দিতে হবে।

আরো তথ্যের জন্য

আপনার স্থানীয় জনস্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন

মিনিস্ট্রি অফ হেলথ প্রোমোশন (স্বাস্থ্যোন্নয়ন মন্ত্রালয়)
স্মোক-ফ্রি অন্টারিও আইন
www.ontario.ca/smokefree

স্মোক-ফ্রি অন্টারিও অ্যাক্ট এবং প্রবিধান অনলাইন ঃ www.e-laws.gov.on.ca এ পাওয়া যায়।